# খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়, খুলনা

অস্থায়ী অফিসঃ ৩২৭, যশোর রোড, উত্তর মুজগুন্নি, খালিশপুর, খুলনা-৯০০০
E-mail: registrar@kau.ac.bd , Web: www.kau.ac.bd

## সরাসরি (শূণ্যপদে) শিক্ষক নিয়োগ আবেদনপত্র

আবেদনকৃত পদ :..........................................................................................................

বিভাগ/শাখা :..........................................................................................................

বিজ্ঞাপনের স্মারক নং : তারিখ :

| | | | |
|---|---|---|---|
| প্রার্থীর নাম (বাংলা) | | | |
| প্রার্থীর নাম (ইংরেজি) Capital Letter | | | |
| পিতার নাম | | | |
| মাতার নাম | | | |
| স্বামী/ স্ত্রীর নাম | | | |
| জাতীয় পরিচয় পত্রের নম্বর | | | |
| ই-মেইল | | | |
| পাসপোর্ট নম্বর (যদি থাকে) | | মোবাইল: | |
| বৈবাহিক অবস্থা | | ধর্ম: | |
| লিঙ্গ | | জাতীয়তা: | |
| জন্ম তারিখ | | জন্মস্থান: | |
| বয়স (০৮/০৩/২০২৬ পর্যন্ত) | .....................বছর .........................মাস.........................দিন | | |
| কোটা | | | |
| বর্তমান যোগাযোগের ঠিকানা | | | |
| স্থায়ী ঠিকানা | | | |

শিক্ষাগত যোগ্যতা :

| পরীক্ষা নাম | বোর্ড | স্কুল /কলেজ /ইনস্টিটিউট/ বিশ্ববিদ্যালয় | শাখা/ বিভাগ/ অনুষদ | শিক্ষাবর্ষ | পাশের সন | প্রাপ্ত শ্রেনী/ জিপিএ/ সিজিপিএ | প্রাপ্ত নম্বর(%) |
| --- | --- | --- | --- | --- | --- | --- | --- |
| এস.এস.সি/ সমমান | | | | | | | |
| এইচ.এস.সি/সমমান | | | | | | | |
| স্নাতক/ সমমান | | | | | | | |
| স্নাতকোত্তর | | | | | | | |
| পিএইচডি | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |

পেশাগত অভিজ্ঞতার বিবরণ :

| পদবি | প্রতিষ্ঠানের নাম | প্রতিষ্ঠানের ঠিকানা | বেতন স্কেল ও গ্রেড | তারিখ হতে | তারিখ পর্যন্ত | মোট অভিজ্ঞতা |
| --- | --- | --- | --- | --- | --- | --- |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |

প্রকাশনা:

| লেখকের নাম | প্রকাশের সন | গবেষণা/প্রকাশনার শিরোনাম | জার্নালের নাম, ভলিউম ও পৃষ্ঠা | প্রকাশক |
| --- | --- | --- | --- | --- |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |

প্রশিক্ষণের বিবরণ :

| প্রশিক্ষনের নাম | মেয়াদ | প্রশিক্ষণের বিষয় | প্রতিষ্ঠানের নাম |
|---|---|---|---|
| | | | |

অন্যান্য তথ্য :

| | |
|---|---|
| কখনো চাকরিচ্যুত / বরখাস্ত হয়ে থাকলে কারণসহ পদ ও প্রতিষ্ঠানের নাম : | |
| শিক্ষা / চাকরি জীবনে নৈতিক স্খলন / শৃঙ্খলা ভঙ্গজনিত কারণে কোনো শাস্তি / দন্ড ভোগ করে থাকলে তার বিবরণ : | |
| পেশাগত সংস্থা/সংগঠন/সমিতির নাম, বিবরণ এবং রেজিস্ট্রেশন নম্বর উল্লেখ করতে হবে : (প্রযোজ্য ক্ষেত্রে) | |
| পরিচিত কিন্তু জ্ঞাতি বা বৈবাহিক সম্পর্কযুক্ত নয় এমন দুইজন ব্যক্তির নাম, ঠিকানা ও মোবাইল নম্বর : | |
| | |
| অন্যান্য তথ্য | |

**তারিখঃ**

**আবেদনকারীর স্বাক্ষর**

**বিঃ দ্রঃ যে কোন তথ্য প্রদানের ক্ষেত্রে আলাদা শীট ব্যবহার করা যাবে।**

# খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়, খুলনা

## নিয়োগের যোগ্যতা ও অভিজ্ঞতা এবং অন্যান্য শর্তাবলী

| ক্রমিক | পদের নাম, বেতন স্কেল ও গ্রেড | সরাসরি নিয়োগের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ০১ | অধ্যাপক<br>৫৬৫০০-৭৪৪০০/-<br>(গ্রেড-৩) | ১) ০৫ (পাঁচ) বৎসর মেয়াদি ডিভিএম/সমমান ডিগ্রি অথবা সংশ্লিষ্ট বিভাগে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে।<br>২) ০৫ (পাঁচ) বৎসর মেয়াদি ডিভিএম/সমমান ডিগ্রি অথবা সংশ্লিষ্ট বিভাগে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক এবং স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ থাকিতে হইবে।<br>৩) স্নাতকোত্তর ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ১০ (দশ) বৎসরসহ মোট ন্যূনতম ২২ (বাইশ) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৪) এমফিল ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৭ (সাত) বৎসরসহ মোট ন্যূনতম মোট ১৭ (সতেরো) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৫) পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৫ (পাঁচ) বৎসরসহ মোট ন্যূনতম ১২ (বারো) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৬) প্রার্থীদের স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) সর্বমোট ন্যূনতম ১২ (বারো) টি প্রকাশনা থাকিতে হইবে। সহযোগী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৬ (ছয়) টি প্রকাশনা থাকিতে হইবে; যেগুলির মধ্যে First Author/Corresponding Author হিসাবে ন্যূনতম ০৩ (তিন) টি প্রকাশনা থাকিতে হইবে। মোট প্রকাশনার ন্যূনতম ০২ (দুই) টি প্রকাশনা ইমপ্যাক্ট ফ্যাক্টর/Indexed জার্নালে প্রকাশিত হইতে হইবে। |
| ০২ | সহযোগী অধ্যাপক<br>৫০০০০-৭১২০০/-<br>(গ্রেড-৪) | ১) ০৫ (পাঁচ) বৎসর মেয়াদি ডিভিএম/সমমান ডিগ্রি অথবা সংশ্লিষ্ট বিভাগে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে।<br>২) ০৫ (পাঁচ) বৎসর মেয়াদি ডিভিএম/সমমান ডিগ্রি অথবা সংশ্লিষ্ট বিভাগে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক এবং স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ থাকিতে হইবে।<br>৩) স্নাতকোত্তর ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৭ (সাত) বৎসরসহ ১২ (বারো) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৪) এমফিল ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৬ (ছয়) বৎসরসহ ০৯ (নয়) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৫) পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৪ (চার) বৎসরসহ মোট ন্যূনতম ০৭ (সাত) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৬) প্রার্থীদের স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) সর্বমোট ন্যূনতম ০৬ (ছয়) টি প্রকাশনা থাকিতে হইবে। সহকারী অধ্যাপক হিসাবে ন্যূনতম ০৩ (তিন) টি প্রকাশনা থাকিতে হইবে; যেগুলির মধ্যে First Author/Corresponding Author হিসাবে ন্যূনতম ০২ (দুই) টি প্রকাশনা থাকিতে হইবে। মোট প্রকাশনার ন্যূনতম ০১ (এক) টি প্রকাশনা ইমপ্যাক্ট ফ্যাক্টর/Indexed জার্নালে প্রকাশিত হইতে হইবে। |
| ০৩ | সহকারী অধ্যাপক<br>৩৫৫০০-৬৭০১০/-<br>(গ্রেড-৬) | ১) সংশ্লিষ্ট বিভাগে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে। উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ থাকিতে হইবে।<br>২) ডিভিএম/সমমান সংশ্লিষ্ট অনুষদের প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ থাকিতে হইবে।<br>৩) আবেদনকারী যদি মাস্টার্স/সমতুল্য ডিগ্রি অর্জন করেন তাহা হইলে বিশ্ববিদ্যালয় পর্যায়ে প্রভাষক হিসাবে ন্যূনতম ০৩ (তিন) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৪) এমফিল ডিগ্রিধারী প্রার্থীদের বিশ্ববিদ্যালয় পর্যায়ে প্রভাষক হিসাবে ন্যূনতম ০২ (দুই) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৫) পিএইচডি ডিগ্রিধারী প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে ন্যূনতম ০১ (এক) বৎসরের সক্রিয় শিক্ষকতার অভিজ্ঞতা থাকিতে হইবে।<br>৬) স্বীকৃত জার্নালে (পিয়ার রিভিউড) ন্যূনতম ০৩ (তিন) টি প্রকাশনা থাকিতে হইবে; যেগুলির মধ্যে First Author হিসাবে ন্যূনতম ০১ (এক) টি প্রকাশনা থাকিতে হইবে। |
| ০৪ | প্রভাষক<br>২২০০০-৫৩০৬০/-<br>(গ্রেড-৯) | ১) সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে।<br>২) সংশ্লিষ্ট অনুষদ/বিভাগের প্রার্থীদের ক্ষেত্রে স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ থাকিতে হইবে অথবা সংশ্লিষ্ট অনুষদ/বিভাগে ০৫ (পাঁচ) বৎসর মেয়াদি ডিভিএম/সমমান পরীক্ষায় সিজিপিএ ৪.০০-এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ৩.৫০ থাকিতে হইবে।<br>৩) সংশ্লিষ্ট বিষয়ে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) অথবা ০৫ (পাঁচ) বৎসর মেয়াদি ডিভিএম/সমমান পরীক্ষায় মেধাভিত্তিক শীর্ষ ১০ ছাত্র/ছাত্রী প্রভাষক পদে আবেদন করিবার যোগ্য বলিয়া বিবেচিত হইবেন। |

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

০৮/২/২৬

মোঃ রেজাউল ইসলাম
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়, খুলনা

# খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়, খুলনা

## নিয়োগ প্রার্থীদের জন্য শর্তাবলী ও জ্ঞাতব্য বিষয়সমূহ

১। আবেদনের নিয়মাবলী:

(ক) আগ্রহী প্রার্থীদের আগামী ০৮ মার্চ ২০২৬ তারিখ অফিস সময়ের মধ্যে অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট: www.kau.ac.bd এ আপলোডকৃত নির্ধারিত ফরম পূরণের মাধ্যমে আবেদন করতে হবে।

(খ) প্রার্থীকে রেজিস্ট্রার, খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়, খুলনা শিরোনামে সোনালী ব্যাংক পিএলসি, দৌলতপুর কর্পোরেট শাখা, খুলনা এর অনুকূলে (সোনালী ব্যাংকের যে কোন শাখা হতে) জাতীয় বেতন স্কেল ২০১৫ এর গ্রেড-০৯ থেকে তদুর্ধ্ব পদের জন্য ২০০/- (দুইশত) টাকা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে।

**২। নিয়োগ বিজ্ঞপ্তির শর্তানুযায়ি প্রভাষক পদের ক্ষেত্রে স্নাতক পর্যায়ে মেধাভিত্তিক শীর্ষ ১০ এর স্বপক্ষে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় থেকে পজিশন সার্টিফিকেট অবশ্যই আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।**

৩। **আবেদনপত্র ডাউনলোড এবং প্রিন্ট** করে **প্রার্থীকে আবেদনপত্রের** সাথে (ক) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য), (খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতার সকল সনদ ও নম্বর পত্র, প্রয়োজনীয় প্রকাশনা, জাতীয় পরিচয়পত্র, অভিজ্ঞতার সকল সনদপত্র ও সদ্যতোলা পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি (প্রতি সেটের সাথে একটি করে), (গ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র এবং (ঘ) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/সিটি কর্পোরেশন বা পৌরসভা মেয়র/ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র সংযুক্ত করে নিয়োগ বিজ্ঞপ্তির প্রতিটি পদের প্রার্থীদেরকে **০৩ (তিন)** সেট পৃথক আবেদন একটি খামের ভিতর **রেজিস্ট্রার, খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়, (অস্থায়ী অফিস: ৩২৭, যশোর রোড, উত্তর মুজগুন্নি, খালিশপুর, খুলনা-৯০০০), খুলনা** এর অনুকূলে সরাসরি/ডাক যোগে/কুরিয়ার সার্ভিস এর মাধ্যমে প্রেরণ করতে হবে। **প্রার্থীত পদের নাম খামের উপর উল্লেখ করতে হবে।** উল্লেখ যে, চাহিত আবেদন সেটের মধ্যে একটি সেট সত্যায়িত হতে হবে এবং বাকি দুইটি সেট সত্যায়িতের অনুরূপ ফটোকপি দিতে হবে।

৪। আবেদনপত্র আগামী **০৮-০৩-২০২৬** তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে অবশ্যই নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে পৌঁছাতে হবে।

৫। শিক্ষক নিয়োগের ক্ষেত্রে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক প্রণীত শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত "পাবলিক বিশ্ববিদ্যালয়সমূহে শিক্ষক নিয়োগ ও পদোন্নয়নের যুগোপযোগী নীতিমালা প্রণয়নের ক্ষেত্রে ন্যূনতম যোগ্যতা নির্ধারণের নির্দেশিকা" অনুসরণ করা হবে।

৬। শিক্ষাক্ষেত্রের কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণী/সমমান গ্রেড গ্রহণযোগ্য নয়।

৭। ০৮-০৩-২০২৬ তারিখে প্রার্থীর বর্তমান বয়স আবেদনপত্রে উল্লেখ করতে হবে।

৮। জিপিএ/সিজিপিএ -তে ফলাফল প্রাপ্ত প্রার্থীদের শিক্ষাগত যোগ্যতার বিভাগ/ শ্রেণি নির্ধারণের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়/ ইউজিসি কর্তৃক জারিকৃত সংশ্লিষ্ট প্রজ্ঞাপন/ পরিপত্র অনুসরণ করা হবে। পরীক্ষার ফল প্রকাশিত হয়নি, এমন প্রার্থীর আবেদনপত্রে উক্ত ডিগ্রি বিবেচিত হবে না।

৯। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্ত্বশাসিত গবেষণা প্রতিষ্ঠান হইতে আগত প্রার্থীদের ক্ষেত্রে সক্রিয় শিক্ষকতার চাকুরিকাল হিসাবে ঐ প্রতিষ্ঠানের চাকুরির অর্ধেক সময়কাল বিবেচনা করা যাইতে পারে।

১০। বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রাপ্ত ডিগ্রির ক্ষেত্রে সমমান নির্ধারণী পত্রের সত্যায়িত অনুলিপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

১১। সকল পদে উল্লিখিত শিক্ষাগত যোগ্যতার অতিরিক্ত হিসাবে কম্পিউটার পরিচালনার বিষয়ে দক্ষতা/অভিজ্ঞতা বাধ্যতামূলক।

১২। চাকরিতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১৩। বিজ্ঞপ্তির মাধ্যমে সহকারী অধ্যাপক, সহযোগী অধ্যাপক এবং অধ্যাপক নিয়োগের ক্ষেত্রে প্রার্থীর বিদেশে উচ্চতর ডিগ্রী/পিএইচ.ডি, অভিজ্ঞতা, গবেষণা ও উচ্চমানের প্রকাশনা থাকলে (বিশেষভাবে উপযুক্ত প্রার্থী) স্নাতক পরীক্ষায় "মেধাভিত্তিক শীর্ষ ১০%" শর্তটি শিথিল করা যেতে পারে।

১৪। বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক কাজের অভিজ্ঞতাকে সক্রিয় শিক্ষাকাল হিসাবে গণ্য করিয়া কোনো পদের জন্য প্রয়োজনীয় চাকুরির সময়কাল/প্রকাশনার সংখ্যা কমানো যাইবে না।

১৫। আবেদনপত্র সমূহ প্রাথমিক বাছাইয়ের পর কেবল যোগ্য প্রার্থীদের লিখিত/ ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় ডাকা হবে। লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় উপস্থিত হওয়ার জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় সকল সনদের মূল কপি অবশ্যই দেখাতে হবে।

১৬। নিয়োগের জন্য প্রার্থীদের ডোপ টেস্টে উত্তীর্ণ হতে হবে।

১৭। আবেদন দাখিলের বিষয়ে বিজ্ঞপ্তিতে নির্ধারিত সময়ের পর পেশকৃত আবেদনের সাথে আর কোন ডকুমেন্টস/তথ্যাদি সংযোজন করা যাবে না।

১৮। সরকারের সর্বশেষ নির্দেশনা অনুযায়ি যাবতীয় কোটা সংরক্ষণ করা হবে। এক্ষেত্রে সরকারি নির্দেশ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত বা প্রতিস্বাক্ষরিত অনুলিপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে।

১৯। বয়সের ক্ষেত্রে কোন ধরণের এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। তবে সর্বোচ্চ বয়সসীমা প্রভাষক পদে ৩২ (বত্রিশ) বছর, সহকারী অধ্যাপক পদে ৪০ (চল্লিশ) বছর, সহযোগী অধ্যাপক পদে ৪৫ (পঁয়তাল্লিশ) বছর এবং অধ্যাপক পদে ৫০ (পঞ্চাশ) বছর হতে হবে।

২০। ভুল তথ্য সম্বলিত/তথ্য গোপন/ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

২১। নিয়োগ সংক্রান্ত কোন তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

২২। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ/বাতিলসহ এ নিয়োগ কার্যক্রমের আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/ বাতিল এবং পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে। নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

২৩। প্রস্তাবিত বিষয়সমূহের বহির্ভূত কোনো বিষয়ের উদ্ভব হলে কিংবা কোনো সংশোধনের প্রয়োজন হলে সেক্ষেত্রে ভাইস চ্যান্সেলর এর সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

০৮/২/২৬

মোঃ রেজাউল ইসলাম

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়, খুলনা।